

সরকারি স্কুলের ক ও খ গ্রুপের ভর্তি পরীক্ষা শেষ

এম মামুন হোসেন

রাজধানীর ২৪টি সরকারি স্কুলের মধ্যে 'ক' ও 'খ' গ্রুপের মোট ১৬টি স্কুলের ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। প্রথম দিন রবিবার 'ক' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। গতকাল শেষ হয়েছে 'খ' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা। ১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে 'গ' গ্রুপের সর্বশেষ পরীক্ষা। ১৪ জানুয়ারি ফল প্রকাশিত হবে। এবার ৮ হাজার ৮৭টি আসনের বিপরীতে প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তিযুক্ত অংশ নিয়ে মোট ৪৮ হাজার ৫৩২ শিক্ষার্থী। প্রতি আসনের বিপরীতে ৬ জন প্রতিদ্বন্দ্বিতা করছে। কোনো কোনো স্কুলের কোনো শ্রেণীতে একটি আসনের বিপরীতে অর্ধশতের ওপরে ভর্তিই প্রতিযোগিতা করেছে।

১৪ জানুয়ারি ফল প্রকাশিত হওয়ার পরের দিনই স্কুলে ভর্তি কার্যক্রম শুরু হবে বলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা

অধিদপ্তর (মাউশি) সূত্রে জানা যায়। এবারই প্রথম কোড পদ্ধতিতে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের পদক্ষেপ নেয়া হয়েছে।

মাউশি সূত্রে জানা যায়, 'ক' গ্রুপের পরীক্ষায় মোট ১৫ হাজার ১৭ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। আর এ ৮টি স্কুলে মোট আসন আছে ২ হাজার

১৪ জানুয়ারি ফল প্রকাশ

৩৮১টি। এর মধ্যে গভ. ল্যাভরেটরি হাই স্কুলে ২৯৪টি, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৫৮টি, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৪০৬টি, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ১৮০টি, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৬৬টি, নিউ গভ. গার্লস হাই স্কুলে ২৭৭টি, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৪২টি ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৫৮টি আসন

রয়েছে বিভিন্ন শ্রেণীতে।

'খ' গ্রুপের স্কুলগুলোতে ২ হাজার ৪৩৮টি আসনের বিপরীতে মোট ১৫ হাজার ৭৪৪টি ফরম বিক্রি হয়েছে। এ গ্রুপের স্কুলগুলোর মধ্যে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩০০, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৯৫, গভ. মুসলিম হাই স্কুলে ১৯৩, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৩১, শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩২০, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুলে ৩৩৫, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৪৪ ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩২০টি আসন রয়েছে।

'গ' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৭ হাজার ৭৯২টি ফরম বিক্রি হয়েছে। আর এগুলোতে মোট আসন আছে ৩ হাজার ২৬৮টি। ১০ জানুয়ারি 'গ' গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।